

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে গঠিত 'নেতৃত্ব কন্সোর্টিয়াম'-এর তৃতীয় প্রান্তিকের সভার কার্যবিবরণী

সভাপতি	:	জনাব মোঃ আনিছুর রহমান সিনিয়র সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
তারিখ	:	২৫ মার্চ, ২০২০
সময়	:	বেলা ১২:৩০ ঘটিকা
স্থান	:	অনলাইন সিস্টেম।
উপস্থিত সদস্য	:	রেকর্ডেড।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের উপসচিব (প্রশাসন-৩) মোছাঃ মোর্শেদা ফেরদৌস বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে সভাকে অবহিত করেন। তিনি জানান গত সভার সিদ্ধান্তসমূহের মধ্যে আইন, বিধি-বিধান সম্বলিত সংকলন হাইড্রোকার্বন ইউনিট কর্তৃক ইতোমধ্যেই প্রকাশিত হয়েছে। এছাড়া এ বিভাগের শুদ্ধাচার কর্মপরিকল্পনার ৯.৫ ক্রমিকে অন্তর্ভুক্ত Quick Response Corner ওয়েবসাইটে স্থাপন করা হয়েছে। অন্যান্য সিদ্ধান্তসমূহের কার্যক্রম চলমান রয়েছে। অতিরিক্ত সচিব (অপারেশন) সভায় বলেন যে, সিলেট জেলাকে মডেল হিসাবে গ্রহণ করে অবৈধ গ্যাস সংযোগমুক্ত করার যে কার্যক্রম গ্রহণ করা হয়েছিল তা ইতোমধ্যে শতভাগ অর্জিত হয়েছে। সিলেট জেলাকে শতভাগ অবৈধ গ্যাস সংযোগমুক্ত করার লক্ষ্যে গৃহীত বিভিন্ন কার্যক্রমের মধ্যে অন্যতম হলো এ জেলার সকল বৈধ গ্রাহককে ডাটাবেজের আওতায় নিয়ে আসা। অন্যান্য জেলাতেও এ বিষয়টি অনুসরণ করা গেলে অবৈধ গ্যাস সংযোগমুক্তকরণ কার্যক্রমের শতভাগ সাফল্য অর্জন সহজে ও দ্রুততার সঙ্গে করা সম্ভব হবে।

২। উল্লিখিত আলোচনার পরিপ্রেক্ষিতে সভাপতি এ বিভাগ এবং আওতাধীন সংস্থা সমূহের যেসব ক্ষেত্র চিহ্নিত করে শুদ্ধাচার-কর্ম পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে এবং লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে সেসব ক্ষেত্রের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে নির্ধারিত সময়সীমার মধ্যে লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করার বিষয়ে সচেতন থাকতে নির্দেশনা প্রদান করেন।

৩। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

(ক) নিম্নবর্ণিত আইন/বিধিমালা/নীতিমালার কার্যক্রম ৩০/০৬/২০২১ তারিখের মধ্যে সম্পন্ন করার বিষয়ে বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ কার্যকর উদ্যোগ গ্রহণ করবেন:

- ০১) 'বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন আইন, ২০২০' প্রণয়ন;
- ০২) 'গ্যাস বিপণন বিধিমালা-২০২০' প্রণয়ন;
- ০৩) 'এলপি গ্যাস অপারেশনাল সমন্বিত নীতিমালা-২০২০' চূড়ান্তকরণ।

(খ) মোবাইল কোর্ট পরিচালনার ক্ষেত্রে শুদ্ধাচার কর্মপরিকল্পনায় বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে এ বিভাগের দায়িত্বপ্রাপ্ত নির্বাহী ম্যাজিস্ট্রেটগণ সচেতন থাকবেন;

(গ) গ্যাস সংযোগে পি-পেইড মিটার স্থাপন সংশ্লিষ্ট শুদ্ধাচার কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা (৫০,০০০ টি) অর্জনে বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সক্রিয় উদ্যোগ গ্রহণ করবেন;

ঘ) অবৈধ গ্যাস সংযোগমুক্তকরণ কার্যক্রমে শতভাগ সাফল্য অর্জনের লক্ষ্যে সকল বৈধ গ্রাহককে ডাটাবেজের আওতায় আনার নিমিত্ত সংশ্লিষ্ট গ্যাস বিপণন কোম্পানীসমূহ কার্যকর উদ্যোগ গ্রহণ করবে;

ঙ) প্রতিটি দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর/সংস্থার ওয়েবসাইট আবশ্যিকভাবে হালনাগাদ করতে হবে;

চ) সচিবালয় নির্দেশমালা-২০১৪ অনুযায়ী এ বিভাগসহ দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর/সংস্থাসমূহ কর্তৃক আবশ্যিকভাবে শাখা/অধিশাখা পরিদর্শন করতে হবে এবং পূর্ববর্তী পরিদর্শনের সুপারিশ বাস্তবায়নের বিষয়ে পরবর্তী পরিদর্শন প্রতিবেদন উল্লেখ করতে হবে। শাখা পরিদর্শন প্রতিবেদন শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার প্রমাণক হিসাবে ব্যবহারের জন্য প্রশাসন-৩ অধিশাখায় প্রেরণ করতে হবে।

চলমান পৃষ্ঠা: ০২

=০২=

ছ) প্রকল্প পরিদর্শনের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ কর্তৃক প্রকল্প পরিদর্শন করতে হবে। পরিদর্শন প্রতিবেদন এবং পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার বাস্তবায়ন মূল্যায়নে প্রমাণক হিসাবে ব্যবহারের জন্য প্রশাসন-৩ অধিশাখায় প্রেরণ করতে হবে।

০৫। অতঃপর আর কোনো আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-৩১/০৩/২০২১

(মোঃ আনিছুর রহমান)

সিনিয়র সচিব

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
প্রশাসন-৩ অধিশাখা
www.emrd.gov.bd

নং-২৮.০০.০০০০.০১৩.০৫.০১৮.২০- ৫২


তারিখ: ১৭ চৈত্র, ১৪২৭
৩১ মার্চ, ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

- ০১। চেয়ারম্যান, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন, চট্টগ্রাম।
- ০২। চেয়ারম্যান, পেট্রোবাংলা, কাওরান বাজার, ঢাকা।
- ০৩। মহাপরিচালক, বিপিআই/বিএমডি/হাইড্রোকার্বন ইউনিট/জিএসবি, ঢাকা।
- ০৪। সচিব, বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন, কাওরান বাজার, ঢাকা।
- ০৬। প্রধান বিস্ফোরক পরিদর্শক, বিস্ফোরক পরিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।

অনুলিপি:

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ (দৃ:আ: উপসচিব, শুদ্ধাচার অধিশাখা)।
- ০২। অতিরিক্ত সচিব (পরিকল্পনা/প্রশাসন/অপারেশন/উন্নয়ন), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, ঢাকা।
- ০২। সিনিয়র সচিবের একান্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, ঢাকা।


(মোঃ মোর্শেদা ফেরদৌস)
উপসচিব
ফোন: ৯৫৫১১৪৩